



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯২/২২

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২২ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসার আল ইসলাম” এর দুই সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ২৭ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ তারিখ আনুমানিক রাত ২৩.০০ ঘটিকায় অভিযান পরিচালনা করে লক্ষ্মীপুর জেলার সদর থানাধীন চকবাজার থেকে ১ নং আসামী মোঃ ফয়সাল আহমেদকে গ্রেফতার করে। তার দেয়া তথ্য মতে, তাকে সহ অভিযান পরিচালনা করে ২৮ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ আনুমানিক ১৩.৩০ ঘটিকায় ঢাকা জেলার সাভার থানাধীন বিরুলীয়া বেড়িবাঁধ এলাকা থেকে তার সহযোগী অপর ২ নং আসামী মোরশেদ আলমকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আসামী মোঃ ফয়সাল আহমেদ (২৮), পিতা- হারুন আল রশিদ, মাতা- নুর নাহার বেগম, গ্রাম- বিষ্ণুগর, থানা ও জেলা- লক্ষ্মীপুর। গ্রেফতারকালে তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০২ (দুই) টি মোবাইল সেট ও ০২ (দুই) টি সীমকার্ড জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত অপর আসামী মোরশেদ আলম (৩০), পিতা- মৃত আবু তাহের, মাতা- মোর্শেদা বেগম, গ্রাম- দক্ষিণ মজুপুর, থানা ও জেলা- লক্ষ্মীপুর। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত একটি মোবাইল সেট ও একটি সীমকার্ড উদ্ধার করেছে।

গ্রেফতারকৃত আসামীদ্বয়কে প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা দেশ হতে গণতান্ত্রিক সরকার ব্যবস্থা হটিয়ে যে কোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করার লক্ষ্যে অপরাধ সংঘটনের জন্য ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে মর্মে স্বীকার করে। তারা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন আনসার আল ইসলাম এর সক্রিয় সদস্য বলেও স্বীকার করে। ফেসবুকসহ বিভিন্ন অনলাইন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে তারা তাদের সহযোগীদের সাথে উগ্রবাদ, দেশ বিরোধী পরিকল্পনা ও উগ্রবাদের সমর্থনে অনলাইন ভিত্তিক প্রচারণা চালিয়ে আসছিল। পাশাপাশি বিভিন্ন পোস্টের মাধ্যমে তাদের মতাদর্শ সমর্থন করার জন্য অন্যদের আহ্বান করে আসছিল।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে সন্ত্রাসী কার্যক্রম সংঘটনের ষড়যন্ত্র, অপরাধ সংঘটনের তৎপরতা, সহযোগিতা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় লক্ষ্মীপুর মডেল থানা মামলা নং-০২, তারিখ- ০১/০৩/২০২২ খ্রিঃ, সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারা রুজু করা হয়েছে।


০১/০৩/২০২২

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

Email- atu.spma@police.gov.bd